TESS India

ভাষা, সাক্ষরতা এবং নাগরিকত্ব

Language, literacy and citizenship

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid from the British people

TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 1 0 LL11v1
West Bengal

তৃতীয় প ষর উপা ানগুলি বা অন্যর্থায় বর্ণিত না হলে এই সাম রীএকর্ি রয়েভি কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অ ীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিট নাগরিকত্বের উপরে বিষয়ভিত্তিক শ্রেণি প্রকল্প পরিকল্পনার একটা নির্দেশিকা। এটা বর্ণনা করে কীভাবে পরস্পররে সঙ্গে যুক্ত কার্যকলাপের একটি শৃঙ্খলার পরিকল্পনা ও পর্যবেক্ষণ করা যায় যা আপনার শিক্ষার্থীদের বিদ্যালয়ের ভিতরে ও বাইরে বিভিন্ন অর্থপূর্ণ, যোগাযোগমূলক কাজে অংশগ্রহণ করার মাধ্যমে সামুদায়িক, চিন্তাশীল এবং সহানুভূতিশীল হতে উৎসাহিত করবে।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- আপনার শিক্ষার্থীদের নাগরিকত্বের দক্ষতার বিকাশ ঘটায় এমন বিষয়ভিত্তিক প্রকল্প কীভাবে পরিকল্পনা আর সংগঠিত করতে হবে।
- কীভাবে এই প্রকল্পের মধ্যে ভাষা আর সাক্ষরতা ভিত্তিক বিভিন্ন প্রকার কাজ সমন্বিত করার সুযোগ শনাক্ত করতে হবে।
- নাগরিকত্ব আর ভাষা এবং সাক্ষরতা বিষয়ে আপনার শিক্ষার্থীদের জানাকে কীভাবে পর্যবেক্ষণ করতে হবে।

কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

একটা বিষয়ভিত্তিক প্রকল্প আপনার শিক্ষার্থীদের সেই বিষয়গুলো অন্বেষণ করার সুযোগ দেয় যা:

- তাদের আগ্রহ যোগায় ও অনুপ্রাণিত করে
- বিভিন্ন বিষয়ের ক্ষেত্রকে সংযুক্ত করে
- তাদের উদ্দেশ্যভিত্তিক সহযোগিতামূলক কার্যকলাপে যুক্ত করে যা শোনা, বলা, পড়া আর লেখার দক্ষতার সমন্বয় সাধন করে।

এই প্রকল্পগুলো হলো পাঠ্যক্রম আর পাঠ্যবইকে কল্পনামূলক আর স্মরণীয় ভাবে বিকাশ ঘটানোর একটা উপায়। নাগরিকত্ব-কেন্দ্রিক প্রকল্পগুলোতে যে অতিরিক্ত সুবিধাগুলো রয়েছে তা হল, সামাজিক মূল্যবোধ আর দায়িত্বের ব্যাপারে শিক্ষার্থীদের সচেতন করা আর অন্য বিশ্বাস আর ধারণার ব্যাপারে তাদের সম্মানবোধকে বিকশিত করা। যেমন, তারা মানবাধিকার, কর্তব্য, ন্যায়বিচার, স্বাধীনতা ও সমতার সঙ্গে সম্পর্কিত বৃহত্তর শিক্ষাগত উদ্দেশ্য প্রতিফলিত করে। এভাবে, সেগুলো শিক্ষার্থীদের তাৎক্ষণিক জীবনকে বিদ্যালয়ের শিক্ষার সঙ্গে যুক্ত করে।

1 ভাষা, সাক্ষরতা এবং নাগরিকত্ব সম্পর্কে চিন্তা করা

অ্যাক্টিভিটি 1: ভাষা, সাক্ষরতা এবং নাগরিকত্ব সম্পর্কে চিন্তা করা

একজন সহকর্মীর সঙ্গে সম্পদ 1 পড়ুন। আপনি ইতিমধ্যেই এই নথির সঙ্গে পরিচিত হতে পারেন। আপনি যখন এটা একবার পুরোটা পড়ে ফেলবেন, তখন তা আবার পড়ুন এবং নিম্নলিখিত প্রশ্নগুলোর বিপরীতে আপনার উত্তরের নোট তৈরি করুন:

- একজন ভাল নাগরিক কোন ধরনের আচরণ প্রদর্শন করবেন?
- একজন ভাল নাগরিক হওয়া শিখতে বিদ্যালয় কীভাবে সাহায্য করতে পারে?
- ভাষা বা সাক্ষরতার কোন ধরনের দক্ষতা শিক্ষার্থীদের একজন ভাল নাগরিক হতে সাহায্য করতে পারে?

সহকর্মীদের সঙ্গে আপনার ধারণা আলোচনা করুন।

এখন আমাদের সাথে আপনার ধারণা তুলনা করুন।

ভাল নাগরিক:

- একটা ভাল জনগোষ্ঠী ও বিশ্ব তৈরিতে অবদান রাখতে তাঁদের জ্ঞান ও দক্ষতা ব্যবহার করেন
- তাঁদের উদ্বেগ ও প্রস্তাবিত সমাধানের ব্যাপারে কথা বলতে প্রস্তুত থাকেন
- চিন্তাশীল, অন্তর্ভূক্তিপরায়ণ ও সহানুভূতিশীল হন
- তাঁরা যা বিশ্বাস করেন সেই অনুযায়ী কাজ করেন

শিক্ষার্থীদের সুযোগ প্রদান করার মাধ্যমে তাদের ভাল নাগরিক হতে সাহায্যের জন্য বিদ্যালয় একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাতে তারা:

- কঠিন বিষয় কীভাবে বুঝতে ও বিশ্লেষণ করতে হয় তা শিখতে পারে
- ন্যায্য ও নৈতিক সমাধান প্রস্তাব করতে পারে
- অন্যদের কথা শুনতে পারে
- সম্মানপূর্বক তাদের বিশ্বাস ও উদ্বেগ প্রকাশ করতে পারে
- বিভিন্ন দলের ব্যক্তিদের সঙ্গে ইতিবাচকভাবে যোগাযোগ করতে পারে।

শিক্ষার্থীদেরকে নিম্নলিখিত বিষয়গুলোতে সক্রিয় করার মাধ্যমে ভাষা এবং সাক্ষরতা দক্ষতা তাদেরকে একজন ভাল নাগরিক হতে সাহায্য করতে পারে:

- তথ্য পড়তে, বুঝতে, বিশ্লেষণ ও ব্যাখ্যা করতে – তা সেটা ছবি, কথা বা লেখার আকারেই থাকুক না কেন
- মতামত থেকে ঘটনাগুলোকে পৃথক করতে
- সাক্ষী সংগ্রহ ও মূল্যায়ন করতে
- ব্যাখ্যা, সংক্ষিপ্তসার ও পূর্বানুমান করতে
- বিষয় আলোচনা করতে, অন্যদের মতামত শুনতে ও নিজস্ব দৃষ্টিভঙ্গি প্রকাশ করতে
- প্রশ্ন জিজ্ঞাসা করতে যা যথাযথ উত্তর প্রকাশে বাধ্য করে
- একটা যথাযথ পদ্ধতিতে অন্যদের রাজি করতে
- পোস্টার তৈরি করতে, চিঠি লিখতে ও আবেদন করতে
- ছবি, কথা ও লেখার মাধ্যমে বিভিন্ন পাঠকের কাছে তথ্য উপস্থাপন করতে।

অনেক নাগরিকত্ব সংক্রান্ত বিষয় গুরুতর সমস্যা সম্পর্কিত হলেও, উপভোগ্য ও আকর্ষক উপায়ে সেগুলো অন্বেষণ করা সম্ভব।

আপনি এখন একজন শিক্ষক সম্পর্কে পড়বেন, যিনি তাঁর শ্রেণিতে গ্রামীণ জনগোষ্ঠীর একটা প্রকল্প গ্রহণ করেছিলেন। আপনি যখন কেস স্টাডিটা পড়বেন তখন তাঁর শিক্ষার্থীরা ভাষা এবং সাক্ষরতার যে দক্ষতাগুলি উন্নত করছিল এবং নাগরিকত্বের যে বৈশিষ্ট্য সম্পর্কে তারা শিখছিল সেই সম্পর্কে ভাবুন।

কেস স্টাডি 1: আমাদের গ্রামের জনগোষ্ঠী

হিনা পারভীন মুর্শিদাবাদের একটা গ্রামের বিদ্যালয়ে শিক্ষকতা করেন। এখানে তিনি তার ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের সঙ্গে করা 'জনগোষ্ঠী' ধারণার ভিত্তিতে করা শ্রেণিকক্ষের প্রকল্পের অন্তর্গত পাঠের শৃঙ্খলার প্রথমটি বর্ণনা করছেন।

পাঠ 1: আমাদের গ্রামের জনগোষ্ঠী সম্পর্কে চিন্তা করা

গ্রামের জনগোষ্ঠী যে মানুষ ও জায়গা নিয়ে গঠিত সেই সম্পর্কে আমার শিক্ষার্থীদের চিন্তা করতে বলার মাধ্যমে আমি আমার প্রকল্প উপস্থাপন করেছিলাম। তাদের সাহায্য করতে আমি প্রত্যেককে একটা বা দুটো উদাহরণ দিয়েছিলাম, যেমন পঞ্চায়েত প্রধান মহম্মদ আরিফ, ও দর্জি মিতা কাফা সহ মন্দির, মসজিদ ও বিদ্যালয়।

তারপর আমি তাদের ধারণা ভাগ করে নেওয়ার জন্য আমার শিক্ষার্থীদের চারজনের দলে সংগঠিত করেছিলাম। 15 মিনিট পরে, আমি শ্রেণিতে ঘুরে প্রত্যেক শিক্ষার্থীকে একটি পরামর্শ দেওয়ার জন্য ডাকি। আমি ব্ল্যাকবোর্ডে তাদের অবদানগুলো লিখেছিলাম,

মানুষ ও জায়গাকে পৃথক তালিকায় রাখা ভালো, না উভয়কে একসঙ্গে সংযুক্ত করা ভাল সেটা নিয়ে আমরা আলোচনা করেছিলাম।

আমি দলকে পাথর, কাঠি, পাতা, বীজ বা অন্য কোনো কিছু, যা বৈশিষ্ট্য প্রকাশ করতে ব্যবহার করতে চায়, ব্যবহার করে বিদ্যালয় চত্বরের মাঠে একটা জনগোষ্ঠীর মানচিত্র তৈরি করতে বললাম।

যখন তারা শেষ করল, প্রতিটি দল অন্য দলকে তাদের মানচিত্রে অন্তর্ভুক্ত করা স্থানগুলো বর্ণনা করে – যেমন ধর্মীয় স্থান, বাজার, দোকান, মাঠ, বাড়ি, এবং জলের উৎস – তাদের সঙ্গে যুক্ত কিছু ব্যক্তিদের কথা উল্লেখ করে। এটা খুবই আকর্ষণীয় ছিল এবং মানচিত্র ও বর্ণনায় বিস্তর ফারাক ছিল। আমি এই প্রকল্পের অংশের রেকর্ড হিসাবে আমার মোবাইল ফোনে প্রতিটি মানচিত্রের ছবি তুলেছিলাম।

(Malone, 2010 থেকে নেওয়া)



চিত্র 1 জনগোষ্ঠীর মানচিত্রের একটা উদাহরণ

পাঠ 2: একটা জনগোষ্ঠীতে একসঙ্গে থাকা

তার পরের সপ্তাহে আমি ব্যাখ্যা করেছিলাম যে আমাদের জনগোষ্ঠীতে বসবাস করার অর্থ বিবেচনা করতে হবে। আমার শিক্ষার্থীদের একসঙ্গে কাজ করতে ও অনেক সহপাঠীদের কাছ থেকে শিখতে উৎসাহিত করার জন্য আমি আগে তারা যে দলগুলিতে কাজ করেছিল তার থেকে আলাদা দলে ভাগ করি।

আমি প্রতিটি দলকে কাগজের একটা বড় টুকরো দিয়েছিলাম, যার মধ্যে আমি একটা মাত্র প্রশ্ন লিখেছিলাম। আমি তাদেরকে যে প্রশ্নগুলো দিয়েছিলাম সেগুলো হলো:

1. আমাদের জনগোষ্ঠীর শিশুরা একসাথে কোন ধরনের কাজ করে?
2. আমাদের জনগোষ্ঠীতে মহিলারা একসাথে কোন ধরনের কাজ করে?
3. আমাদের জনগোষ্ঠীতে পুরুষরা একসাথে কোন ধরনের কাজ করে?
4. কোন ধরনের কাজে পুরুষ, মহিলা ও শিশুরা একসঙ্গে অংশগ্রহণ করে?
5. আমাদের জনগোষ্ঠীতে মানুষেরা কীভাবে অসুস্থ হয়ে পড়া কাউকে সাহায্য করে?
6. একজন ব্যক্তি মারা গেলে আমাদের জনগোষ্ঠীর মানুষ কী করে?

আমি প্রত্যেকটি দলের সদস্যদের বলি তাদের বরাদ্দ প্রশ্ন নিয়ে 20 মিনিট আলোচনা করতে, নোট সহ একটা ছবির মাধ্যমে তাদের ধারণা চিত্রিত করতে।

দলগুলো কাজ শেষ করার পরে আমি তাদের ছবিগুলো দেওয়ালে আটকে দিয়েছিলাম। আমি তখন বাকি শ্রেণিকে তাদের ধারণা জানানোর জন্য তাদের নিজেদের দল থেকে কাউকে মনোনীত করতে বলি। এটা একটা খুব আকর্ষণীয় আলোচনা সৃষ্টি করে, যার মাধ্যমে কোন বৃহত্তর জনগোষ্ঠীর মধ্যে আমরা উপ-জনগোষ্ঠীর ধারণা, এবং উপ-জনগোষ্ঠীর যে ধরনের কার্যভার গ্রহণ করার ঝোঁক থাকে সেই ধরনের কাজের প্রকৃতি অন্বেষণ করি।

পাঠ 3: সামুদায়িক জীবনের সুবিধা ও অসুবিধা

আমি আমার শিক্ষার্থীদের বাড়ির কাজে নিম্নলিখিত প্রশ্নগুলো কপি করতে ও সেগুলোর উত্তর নোট করতে বলি।

- একটা জনগোষ্ঠীতে থাকার সুবিধা কী কী?
- অসুবিধাগুলো কী হতে পারে?
- কোন জনগোষ্ঠীতে যাঁরা বিচ্ছিন্ন বোধ করে তাদেরকে আরো একীভূত হওয়ার জন্য কীভাবে সাহায্য করা যেতে পারে?

পরের দিন, আমার শিক্ষার্থীদের মধ্যে জুটি তৈরি করি ও তাদের একে অপরের সঙ্গে তাদের বাড়ির কাজ নিয়ে আলোচনা করতে বলি। এর পর সম্পূর্ণ-শ্রেণি আলোচনা সম্পাদন করা হয়েছিল, যার মাধ্যমে আমি আগে যারা অংশগ্রহণ করেনি তাদের বলার সুযোগ দেওয়া নিশ্চিত করতে চেষ্টা করি।

চিত্র 2 শ্রেণিকক্ষে জুটিতে কাজ

পাঠ 4: জনগোষ্ঠীর সরকার

গ্রামের যেসব মানুষেরা দায়িত্বপূর্ণ পদে ছিল তাঁদের তালিকা করে এবং তাদের কী কী দায়িত্ব ছিল সেগুলো বিবেচনা করে আমরা এই পাঠ শুরু করি। আমার শিক্ষার্থীরা আমার মত শিক্ষকসহ, আলাদা আলাদা কাজের সঙ্গে বিভিন্ন মানুষের নাম করে।

বিদ্যালয় ব্ল্যাকবোর্ডে তাদের ধারণা আমি নিজেই লিখে দেবার থেকে বরং আমি দুজন স্বেচ্ছাসেবককে পালাক্রমে এটা করতে ডাকি। তারা এই কাজটা করতে পেরে খুব গর্বিত ছিল এবং তা করতে তারা তাদের সেরা হস্তাক্ষর ব্যবহার করে। তারা বানান ভুল করলে, তাদের সহপাঠীরা সংশোধনের পরামর্শ দেয়।

আমি তখন শ্রেণিটিকে জুটিতে ভাগ করি এবং আরও দুটো প্রশ্ন বিবেচনা করতে 15 মিনিট সময় দিই:

- আমাদের জনগোষ্ঠীতে যাতে ব্যক্তিবর্গ সহযোগিতা করে তা দেখার দায়িত্ব কার?
- মানুষ কিছু বিষয় অসম্মত হলে কী হয়? কে তাদের বিরোধ নিষ্পত্তিতে সাহায্য করে?

এরপরের সম্পূর্ণ শ্রেণির আলোচনায় আমরা স্থানীয় সরকারের ধারণা সম্পর্কে কথা বলি, যা একটা প্রণালী হিসাবে জনগোষ্ঠীর স্বার্থ দেখাশোনা করে এবং এটার সহ আমাদের গ্রামে কাজ করার কাজ করার পদ্ধতিগুলি এবং সে সঙ্গে সেই প্রণালীগুলি পরীক্ষা করি যার দ্বারা জনগোষ্ঠীর সদস্যরা এই ধরনের দায়িত্ব গ্রহণ করেন।

অবশেষে, জনগোষ্ঠীতে আরও সক্রিয়ভাবে অবদান রাখতে তারা যা করতে পারে, সে সম্পর্কে চিন্তা করতে আমি আমার শিক্ষার্থীদের উৎসাহ দিই। আমি তাদের প্রত্যেককে কাগজের একটা টুকরো দিই যাতে তাদের প্রত্যেকে একটা বাক্য লেখে, এবং তাদের ইচ্ছা অনুযায়ী তারা তা চিত্রিতও করতে পারে। সকলের দেখার জন্য আমি তখন দেওয়ালে বাক্যগুলি প্রদর্শন করি আমার শিক্ষার্থীরা তাদের স্থানীয় জনগোষ্ঠীর ওপর কোন প্রকল্পে অংশগ্রহণ করবে কিনা সেই বিষয়ে আমি প্রথমে কিছুটা দ্বিধায় ছিলাম। যদিও, আমার চিন্তিত হওয়ার

প্রয়োজন ছিল না। আলোচ্য বিষয়টা অনেক আকর্ষণীয়, চিন্তাশীল অবদান সৃষ্টি করেছিল যার কিছু ছিল সেই সব শিক্ষার্থীদের যারা সাধারণত খুব চুপচাপ থাকে। চারটি পাঠে বিভিন্ন জুটিতে এবং গ্রুপে যে স্তরের সহযোগিতা এবং সম্মান স্পষ্ট হয়ে উঠেছিল সেটা দেখে আমিও সন্তুষ্ট হয়েছিলাম।

চিন্তার জন্য সাময়িক বিরতি

ওপরে বর্ণিত প্রতিটি পাঠের জন্য, নিম্নলিখিত প্রশ্নগুলো বিবেচনা করুন:

- মিস হিনার শিক্ষার্থীরা কি ভাষা এবং সাক্ষরতা দক্ষতা কাজে লাগায়?
- তাঁর শিক্ষার্থীরা নাগরিকত্বের কোন দিকটি শিখেছিল?
- াঠের বিষয়বস্তু সম্পর্কে কিছু কি আপনাকে অবাক করেছিল?
- আপনার নিজের শ্রেণিকক্ষে নেবার মত কোন ধারণা আছে কি?

2 একটা নাগরিকত্ব প্রকল্প পরিকল্পনা

যেমন কেস স্টাডি 1-এ দেখায়, একটা বিষয়ভিত্তিক প্রকল্প কয়েক সপ্তাহ ধরে বেশ কয়েকটি পাঠের মাধ্যমে করা হবে বলে মনস্থ করা হয়। এই ইউনিটে অবশিষ্ট অ্যাক্টিভিটিগুলির উদ্দেশ্য হল আপনার শ্রেণির জন্য ভাষা- ও সাক্ষরতা সংক্রান্ত উদ্দেশ্য সহ একটি নাগরিকত্ব প্রকল্প পরিকল্পনা করতে একটা ব্যবহারিক নির্দেশিকা হওয়া। অ্যাক্টিভিটিটি ছয় ভাগে বিভক্ত (অ্যাক্টিভিটি 2–7)। মন দিয়ে সমস্ত অ্যাক্টিভিটি প্রথমে পড়ুন এবং তারপর আপনার নির্বাচিত বিষয়ে যেমন যেমন অগ্রসর হবেন সেই অনুসারে এর এক একটি অংশ নিয়ে কাজ করুন।

অ্যাক্টিভিটি 2: প্রকল্পের জন্য একটা বিষয় শনাক্ত করা

একজন সহকর্মীর সাথে আপনার শ্রেণির জন্য সম্ভাব্য নাগরিকত্ব সংক্রান্ত বিষয়ের একটা তালিকা করুন। আপনার বিদ্যালয় ও সংলগ্ন জনগোষ্ঠীর প্রসঙ্গে আপনার তালিকা যথোপযুক্ত হতে হবে; তবে, আমরা নীচে কিছু বিষয়ের পরামর্শ দিয়েছি:

- বিদ্যালয়কে আরও আকর্ষণীয় করার তোলার উপায়
- গ্রামটা পরিষ্কার রাখা
- গ্রামে সদ্যজাত শিশুদের জন্য বা বয়স্ক ব্যক্তিদের জন্য কম্বল সংগ্রহ করা
- জনগোষ্ঠীর নিঃসঙ্গ, অক্ষম, এবং অসুস্থ মানুষদের সাহায্য করা
- কোন স্থানীয় কারণে অর্থ সংগ্রহ করতে কোন জিনিস বিক্রয়ের আয়োজন করা
- এলাকায় অঙ্গনওয়ারি, বিদ্যালয় বা বাড়ির জন্য বাচ্চাদের বই সংগ্রহ করা
- কাগজ, খাদ্য বা গৃহস্থালির সামগ্রী, যা আর ব্যবহৃত হবে না, তা পুনর্ব্যবহারোপযোগী করা
- বর্জ্য ফেলার স্থানের সমস্যাগুলোতে মনোযোগ দেওয়া
- শক্তি সংরক্ষণ করা
- জল সংরক্ষণ করা
- জল-বাহিত রোগ প্রতিরোধ করা
- আরো মহিলা স্বাস্থ্য কর্মী নিয়োগ করা সহ মেয়েদের এবং মহিলাদের স্বাস্থ্য উন্নতি করা
- ুরুষের চেয়ে বরং মহিলা শিক্ষার্থীরা গৃহস্থালির কাজে জড়িত থাকে ও অবাধে বাইরে খেলতে পারে না
- শিকারের ফলে প্রাণীদের বিলুপ্ত হয়ে যাওয়ার সমস্যা
- রিবেশের ওপর বর্তমান ও ভবিষ্যৎ জলবায়ু পরিবর্তনের প্রভাব
- স্থানীয় সংখ্যালঘু ভাষার ব্যবহার প্রচার করা।

আপনার তালিকার কোন বিষয়টা আপনার এবং আপনার শ্রেণির জন্য সবচেয়ে উপযুক্ত হবে?

আপনার সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনি কিছু বিষয় বিবেচনা করতে পারেন:

- আলোচ্য বিষয়গুলো বয়সের উপযুক্ত, প্রাসঙ্গিক ও আপনার সব শিক্ষার্থীদের নিকট আকর্ষণীয় কি না

- বিদ্যালয়ের পাঠ্যক্রমের বিষয়বস্তুর সঙ্গে তারা কতদূর সঙ্গতিপূর্ণ
- গণিতশাস্ত্র, পরিবেশগত গবেষণা, বিজ্ঞান, বা সামাজিক গবেষণা– এই বিষয়গুলোর কোনগুলি –সেগুলি অন্তর্ভুক্ত করে
- আলোচ্য বিষয়গুলো মাত্রাতিরিক্ত ভাবে সংবেদনশীল বা বিতর্কিত কিনা
- আপনার শ্রেণির সঙ্গে সেগুলো নিয়ে অনুসন্ধান করতে আপনি কতটা আত্মবিশ্বাসী এবং স্বচ্ছন্দ।

এবার ভাষা এবং সাক্ষরতা সম্পর্কিত সেই সুযোগগুলির তালিকা তৈরি করুন যেগুলি আপনার নির্বাচিত বিষয় থেকে পাওয়া যায়। শুরু করার জন্য এখানে কিছু পরামর্শ আছে:

- সমস্যা এবং তার কারণ বুঝতে সংবাদপত্র বা অন্যান্য বই পড়া
- একজন স্থানীয় ব্যক্তির সাক্ষাৎকার নেওয়া
- একটা বিতর্ক আয়োজন
- শ্রেণির একজন রাজনীতিবিদ বা সংবাদপত্র সম্পাদককে চিঠি লেখা
- লিফলেট বা পোস্টার তৈরি ও বিতরণ করা
- একটা সচেতনতা বৃদ্ধি করার অভিযান সংগঠিত করা, পিটিশন শুরু করা বা চাঁদা তোলার উদ্যোগের পরিকল্পনা করা
- বিদ্যালয়ে অন্যান্য শিক্ষার্থী ও স্থানীয় জনগোষ্ঠীর সদস্যদের কাছে উপস্থাপন করতে এ বিষয়ে একটা নাটক লেখা।

3 কোন নাগরিকত্ব প্রকল্পে আপনার শিক্ষার্থীদের নিয়োগ করা

আপনি আপনার শিক্ষার্থীদের নিজেদেরকে কোন বিষয় প্রস্তাব করতে দিন, বা প্রস্তাবিত কিছু বিষয় থেকে তাদের বেছে নিতে বলুন বা আপনার পছন্দের একটি বিষয় প্রস্তাব করুন, শ্রেণির কোনও প্রকল্পে আপনার শিক্ষার্থীদের যুক্ত করার পদ্ধতির একটি অংশ হল তাদের পরামর্শ এবং ধারনাগুলো শোনা এবং তাতে সাড়া দেওয়া।

বিষয় পছন্দ সম্পর্কে যে পদ্ধতিই আপনি নিন না কেন, আপনার শিক্ষার্থীদের সঙ্গে নাগরিকত্ব ধারণা নিয়ে আলোচনা শুরু করতে এটা সহায়ক হয়।

অ্যাক্টিভিটি 3: কোনো শ্রেণি প্রকল্পে আপনার শিক্ষার্থীদের নিয়োগ করা

আপনি আপনার শিক্ষার্থীদের ব্যাখ্যা করুন যে তারা একটা শ্রেণি প্রকল্প করতে যাচ্ছে ও এটাতে জড়িত বিষয় সম্পর্কে তাদের কাছে থেকে আপনি পরামর্শ চান। শ্রেণিকে দলে সংগঠিত করুন। তাদের আলোচনা শুরু করতে প্রশ্ন সহ বা পছন্দমত বিষয় সহ প্রতিটি দলকে এক টুকরা কাগজ দিন - যেমন:

- কোন উপায়ে আমরা আমাদের বিদ্যালয়কে আরো আকর্ষণীয় করতে পারি?
- কীভাবে আমরা আমাদের গ্রামকে উন্নত করব?

প্রত্যেক শিক্ষার্থীকে আলোচনায় অন্তত একটা ধারণা বলতে এবং এক টুকরা কাগজের ওপর সেগুলো লিখতে বলুন। সময় হয়ে গেলে, পুরো শ্রেণিতে মতামত দিতে প্রতিটা দল থেকে স্বেচ্ছাসেবকদের ডাকুন। ব্ল্যাকবোর্ডে ধারণাগুলো লিখুন, সবাই তাদের সহপাঠীদের পরামর্শ সম্মানের সঙ্গে শুনছে কি না তা নিশ্চিত করুন।

একবার তালিকা সম্পূর্ণ হলে, আপনার শিক্ষার্থীদেরকে তাদের সেরা ধারণা সম্পর্কে নিজেদের দলের মধ্যে কথা বলতে বলুন। উপযুক্ত হলে, ভোট নেওয়ার জন্য পুরো শ্রেণিকে আবার একত্রিত করুন।

এই ধরনের আলোচনার মাধ্যমে, নিজেদের সংশ্লিষ্ট বিষয়ে চিন্তা করে, ভোট এবং ঐক্যমতে পৌঁছানোর দ্বারা, আপনার শিক্ষার্থীরা নাগরিকত্বের দক্ষতা অর্জন করে। শোনা, আলোচনা করা, নোট নেওয়া ও বাকি শ্রেণিতে মতামত দেওয়ার দ্বারা তারা ভাষা এবং সাক্ষরতা দক্ষতা উন্নত করবে। গোটা প্রকল্পের মাধ্যমে শেখার এই দুটো সূত্র অনুসরণ করা উচিত।

চিন্তার জন্য সাময়িক বিরতি

তাদের সঙ্গে এই অ্যাক্টিভিটি করার মধ্যে আপনি শিক্ষার্থী সম্পর্কে কী জানতে পারলেন?

শ্রেণিকক্ষে শিক্ষণে আপনার সকল শিক্ষার্থীদের যুক্ত করা জড়িত সম্বন্ধে আরো ধারণার জন্য, সম্পদ 2 দেখুন।

ভিডিও: সকলকে জড়িত করা

প্রকল্পের জন্য তথ্য উৎস শনাক্তকরণ

প্রকল্পে পরবর্তী পদক্ষেপ হল বিষয় সম্পর্কে জানার উপায় সম্বন্ধে পরামর্শ দেওয়ার জন্য আপনার শিক্ষার্থীদের ডাকা।

অ্যাক্টিভিটি 4: বিষয়টি সম্বন্ধে গবেষণা করা

ব্ল্যাকবোর্ডে তাদের প্রস্তাব করা সমস্ত তথ্য সূত্র লিখে রাখুন। এর মধ্যে থাকতে পারে বিদ্যালয়ের পাঠ্যবই, পাঠাগার, সংবাদপত্র, ইন্টারনেট, স্বাস্থ্য কেন্দ্র, পোষ্টার, লিফলেট, কোন স্থানীয় সরকারী কার্যালয় বা স্থানীয় মানুষ।



চিত্র 3 তথ্য সূত্র: একটা সংবাদপত্র (ওপরের বাঁ দিকে), স্থানীয় মানুষ (ওপরের ডান দিকে) ও পোষ্টার (নিচের বাঁ ও ডান দিকে)

উদাহরণস্বরূপ, আপনার শিক্ষার্থীরা জলবাহিত রোগ সম্পর্কে জানতে চাইলে তারা স্থানীয় জল পরিশোধন সাইটে যেতে পারে এবং, আগে করা রাখা ব্যবস্থা মত এবং অনুমতি নিয়ে, একজন জল নিয়ন্ত্রকের একটা সাক্ষাৎকার নিতে পারে। অন্যথায় তারা জল পরিশোধন এবং নিরাপত্তার পরামর্শের জন্য জনগোষ্ঠীর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বা হাসপাতালে যেতে পারে। জল বাহিত রোগ থেকে নিজেদের রক্ষা করতে পরিবারগুলো কী কী করতে পারে তা জানতে তারা একটা লিফলেট দেখতে পারে।

সংবাদপত্র, বই, পোস্টার বা লিফলেট পড়া, স্থানীয় বিশেষজ্ঞদের সাথে কথা বলা, প্রাসঙ্গিক স্থানে যাওয়া এবং কি পড়েছে, দেখেছে ও শুনেছে সে সম্বন্ধে নোট নেওয়া; যাই এর অন্তর্গত হোক না কেন বিভিন্ন ভাষা এবং সাক্ষরতার দক্ষতা এই ধরনের সমস্ত গবেষণার অন্তর্ভুক্ত হবে।

4 নাগরিকত্ব প্রকল্পের রূপরেখা করা

অ্যাক্টিভিটি 5: প্রকল্পের রূপরেখা ও সময় নির্ধারণ করা

প্রকল্পের বিস্তারিত পরিকল্পনা তৈরি করুন। কয়েকটি কলাম (columns) নিয়ে গঠিত একটা টেবিল এর জন্য সবচেয়ে ভাল কাজ করে।

- এমন সব কার্যকলাপের তালিকা তৈরি করা দিয়ে শুরু করুন যেগুলি প্রকল্পের অন্তর্ভুক্ত থাকবে বলে আপনি প্রত্যাশা করেন।
- প্রতিটি কার্যকলাপের পাশাপাশি এর এতে যে ভাষা এবং শেখার সুযোগ থাকে সেটা লিখে রাখুন।
- ুরো শ্রেণির দ্বারা কোন অ্যাক্টিভিটি করা হবে ও ছোট দলে বিতরণ করার জন্য কোনটা বেশি উপযুক্ত হবে তা স্থির করুন।
- প্রতিটি অ্যাক্টিভিটি আগাম সংগঠিত করতে আপনার যা প্রয়োজন হবে লিখে রাখুন। এটিতে বিশেষ সম্পদ সংগ্রহ করা, স্থানীয় বিশেষজ্ঞদের সাথে যোগাযোগ করা, বা শ্রেণি পরিদর্শনের জন্য অনুমতি নেওয়া অন্তর্ভুক্ত থাকতে পারে। প্রতিটি ক্ষেত্রে, আপনার প্রস্তুতির জন্য কতটা সময় প্রয়োজন তা বিবেচনা করুন।
- এখন পরের কয়েক সপ্তাহের জন্য একটি পাঠের শৃঙ্খলা পরিকল্পনা করুন যাতে আপনার শনাক্ত করা বিভিন্ন অ্যাক্টিভিটিগুলি করা হবে এবং সেগুলিকে যথাযথ কর্মে সাজান।
- আপনার এটা করা সম্পূর্ণ হলে, আপনার শিক্ষণ সময়সূচীর মধ্যে প্রতিটি পাঠের সময় নির্ধারণ করুন এবং এটা করার সময় খেয়াল রাখবেন যাতে সেটা পাঠ্যক্রমের অন্যান্য বিষয়গুলির সঙ্গে মেলে। কোনো অভাবিত পরিস্থিতির জন্য আপনি সময়সূচীতে একটু অতিরিক্ত সময় রাখতে পারেন।
- সহায়ক হলে কোন সহকর্মীর সাথে এই পরিকল্পনা প্রক্রিয়া শেয়ার করুন।

মূল সম্পদ ‘পাঠ পরিকল্পনা’ আপনার সহায়ক হতে পারে।

ভিডিও: পাঠ পরিকল্পনা

5 আপনার শিক্ষার্থীদের শিক্ষণ উপস্থাপন-এর 5 টা উপায়

অ্যাক্টিভিটি 6: আপনার শিক্ষার্থীদের শিক্ষণ উপস্থাপনা

অনেক উপায়ে শিক্ষার্থীরা প্রকল্প করা কালীন কোর্সের তাদের শিক্ষণ শেয়ার করতে পারে। পৃথকভাবে বা সহযোগিতামূলক ভাবে তারা এটা একটা লিখিত রিপোর্ট, একটা পোস্টার, শিল্পকর্ম, অভিনয়, গান, গল্প ও কবিতা, বা জনগোষ্ঠীর কাজের আকারে করতে পারে।

চিত্র 4 আপনার শিক্ষার্থীর শিক্ষণ উপস্থাপনার বিভিন্ন উপায়: একটা পোস্টার (ওপরের বা দিকে), জনগোষ্ঠীর কাজ (ওপরের মাঝখানে), লিখিত পাঠ (ওপরের ডানদিকে), শিল্পকর্ম (নিচের বা দিকে) এবং কোন কর্ম সঞ্চালন(নিচের ডানদিকে)

আপনার শিক্ষার্থীরা তাদের শিক্ষণ প্রধান শিক্ষক ও বিদ্যালয় কর্মী, বাবা মা, গ্রামের প্রবীণ, পঞ্চায়েত রাজ বা পঞ্চায়েত প্রধান, বা এমনকি জাতীয় সরকারের প্রতিনিধির কাছে উপস্থাপন করতে ইচ্ছুক হতে পারে। আপনি একটা চিঠি লিখতে অথবা একটা সংবাদপত্রের রিপোর্ট লিখতে আপনার শিক্ষার্থীদের উৎসাহিত করতে পারেন, যাতে করে কোন বৃহত্তর পাঠকবর্গ তাদের শিক্ষণ পড়তে পারেন। যেখানে সম্ভব, প্রদর্শন এবং অন্যদের সাথে শেয়ার করতে এই প্রকল্পে অংশগ্রহণ করা আপনার শিক্ষার্থীদের ছবি নিন।

অ্যাক্টিভিটি 7: আপনার শিক্ষার্থীদের শিক্ষণ সম্বন্ধে চিন্তা-ভাবনা করা

বিষয়ভিত্তিক প্রকল্প গ্রহণের দ্বারা আপনার শিক্ষার্থীরা নাগরিকত্ব সম্পর্কে কী জেনেছে বলে আপনার মনে হয়? নিম্নলিখিত যে কোনো একটি সম্বন্ধে জ্ঞান অর্জন এবং বোঝা কি আপনি পর্যবেক্ষণ করেছেন?

- গণতন্ত্র, ন্যায়পরায়ণতা ও সমতা
- নিজেদের অথবা তাদের জনগোষ্ঠীর জন্য গুরুত্বপূর্ণ সাম্প্রতিক বিষয়গুলো
- তারা যে আন্তর্জাতিক জনগোষ্ঠীর সদস্য সেই সম্পর্কে সচেতন হওয়া
- মর্যাদা ও সম্মানের সঙ্গে অন্যদের সঙ্গে আচরণ করা
- সক্রিয় হওয়া
- একে অন্যকে পরামর্শ দেওয়া
- রস্পরের পক্ষ সমর্থন করা।

এই সময়কাল ধরে অন্য কোন নাগরিকত্ব-সম্পর্কিত জ্ঞান এবং বোঝা আপনি পর্যবেক্ষণ করেছিলেন এবং আপনার সকল শিক্ষার্থীর জন্য কীভাবে আপনি কোন অগ্রগতি এবং উন্নয়ন তালিকায় এই তথ্য ধরে রাখতে পারেন?

বিষয়ভিত্তিক প্রকল্পের মাধ্যমে আপনার শিক্ষার্থীরা ভাষা এবং সাক্ষরতা সম্পর্কে কী শিখেছিল? আপনি কি তাদের এই দক্ষতাগুলোর কোনোটি ব্যবহার করতে নিরীক্ষণ করেছিলেন?

- তথ্যের জন্য পড়া
- তারা কী পড়েছে, শুনেছে বা দেখেছে সে বিষয়ে লেখা
- সাক্ষাতকারের কৌশল
- তথ্যের মূল্যায়ন
- মতামত প্রকাশ
- সসম্ভ্রমে বিতর্ক
- একটা উপস্থাপনা প্রদান
- অ-মৌখিক যোগাযোগ।

আপনার সব শিক্ষার্থীদের তাদের আগ্রহ এবং সামর্থ্য অনুযায়ী কীভাবে বিষয়ভিত্তিক প্রকল্পে যুক্ত করতে সক্ষম হয়েছিলেন?

কোন উপায়ে আপনি দেখান যে আপনি তাদের সব অবদানের মূল্য দেন, এবং কোনো শিক্ষার্থীরা কি এমন কোনো অবদান রেখেছিল যা আপনি আশা করেননি?

6 সারসংক্ষেপ

এই ইউনিটে একটি পরিকল্পনা দেওয়া হয়েছে যা ব্যবহার করে আপনি একটি বিষয়ভিত্তিক শ্রেণি প্রকল্প পরিকল্পনা এবং বাস্তবায়িত করতে পারেন যাতে একদিকে ভালো নাগরিকত্বের সঙ্গে সম্পর্কিত মূল্যবোধ এবং অন্যদিকে ভাষা এবং সাক্ষরতার উদ্দেশ্যর সমন্বয় সাধন করা হয় এবং শিক্ষার্থীরা কয়েক সপ্তাহ ধরে কতগুলি পাঠের একটি শৃঙ্খলার মাধ্যমে বিষয়ের জ্ঞান লাভ করে। কল্পনাপ্রবণ, সহযোগীতামূলক জনগোষ্ঠী-কেন্দ্রিক অ্যাক্টিভিটি যাতে গবেষণা, আলোচনা, নিরীক্ষণ ও প্রচারণা অন্তর্ভুক্ত থাকে, সেগুলি করার মাধ্যমে শিক্ষার্থীরা মেধাগত এবং সামাজিক ভাবে লাভবান হয় আর সেই সঙ্গে এই ধরনের শিক্ষণ অভিজ্ঞতার ইতিবাচক স্মৃতি তাদের মনে থেকে যায়। এইধরনের প্রকল্প যেকোনো স্তরের শিক্ষার্থীদের উপযোগী করা যেতে পারে, এবং একবার আপনি সেগুলো পরিকল্পনা করলে বছরের পর বছর আপনার পরিকল্পনা আপনি ব্যবহার এবং উন্নত করতে পারেন। আপনার অন্য সহকর্মীর সাথে কোন প্রকল্পের পরিকল্পনা ও বাস্তবায়ন শেয়ার করার সুযোগ থাকলে, আপনার প্রক্রিয়া বিশেষ ফলপ্রসূ হবে।

সম্পদসমূহ

সম্পদ 1: ভারতের নাগরিকদের মৌলিক কর্তব্য

ভারতের প্রত্যেক নাগরিকের কর্তব্য হবে:

a. সংবিধান মেনে চলা এবং এর আদর্শ ও বিধান, জাতীয় পতাকা এবং জাতীয় সংগীত-এর সম্মান করা।
b. স্বাধীনতার জন্য আমাদের জাতীয় সংগ্রাম যে মহৎ আদর্শ দ্বারা অনুপ্রাণিত হয়েছিল সেগুলি লালন এবং অনুসরণ করা;
c. সার্বভৌমত্ব, ঐক্য ও ভারতের অখণ্ডতা বহাল রাখা এবং রক্ষা করা;
d. দেশকে রক্ষা করা এবং প্রয়োজন দেখা দিলে জাতীয় সেবা প্রদান করা;
e. ধর্ম, ভাষা ও আঞ্চলিক বা বিভাগীয় বৈচিত্র্য ছাড়িয়ে ভারতের সব মানুষের মধ্যে সম্প্রীতি ও সাধারণ ভ্রাতৃত্ব চেতনা প্রচার করা; মহিলাদের মর্যাদার জন্য অবমাননাকর এমন রীতি ত্যাগ করা।
f. আমাদের মিলিত সংস্কৃতি সমৃদ্ধ ঐতিহ্যে গুরুত্ব দেওয়া এবং সংরক্ষণ করা;
g. বন, হ্রদ, নদী এবং বন্য জীবনসহ প্রাকৃতিক পরিবেশ রক্ষা করা এবং উন্নত করা, এবং জীবজন্তুর জন্য সমবেদনা রাখা;
h. বৈজ্ঞানিক মানসিকতা, মানবতাবাদ এবং অনুসন্ধান চেতনা ও সংস্কার বিকশিত করা।
i. জনসম্পত্তি রক্ষা করা এবং শপথপূর্বক সহিংসতা পরিত্যাগ করা;
j. ব্যক্তিগত এবং সমষ্টিগত কার্যকলাপের সকল ক্ষেত্রে উৎকর্ষের উদ্দেশ্যে প্রচেষ্টা করা, যাতে দেশ ক্রমাগত প্রচেষ্টা এবং কৃতিত্বের উচ্চতর স্তরে উন্নীত হতে পারে।

(সূত্র: স্বরাষ্ট্রবিভাগ, বিহার সরকার, তারিখবিহীন)

সম্পদ 2: সকলকে অন্তর্ভুক্ত করা (Involving all)

'সকলকে অন্তর্ভুক্ত করা' র অর্থ কী?

সমাজ ও সংস্কৃতির বৈচিত্র্য শ্রেণিকক্ষে প্রতিফলিত হয়। শিক্ষার্থীদের পৃথক পৃথক ভাষা, আগ্রহ এবং সক্ষমতা আছে। শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট থেকে আসে। আমরা এই পার্থক্যগুলি উপেক্ষা করতে পারি না; আমাদের অবশ্যই এগুলিকে স্বাগত জানানো উচিত, যেহেতু এগুলি একে অপরের সম্বন্ধে জানতে এবং আমাদের অভিজ্ঞতা বহির্ভূত বিশ্ব সম্পর্কে শেখার মাধ্যম হতে পারে। তাদের অবস্থা, সামর্থ্য এবং প্রেক্ষাপট নির্বিশেষে সমস্ত শিক্ষার্থীদের শিক্ষালাভের অধিকার এবং শেখার সুযোগ পাওয়ার অধিকার আছে এবং এটি ভারতীয় আইন এবং শিশুদের আন্তর্জাতিক অধিকার-এও স্বীকৃত। 2014 সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতির প্রতি তাঁর প্রথম ভাষণে, ভারতের সব নাগরিকের জাত, লিঙ্গ বা আয় বিবেচনা না করে তাদের সম্মান দেওয়ার গুরুত্বের উপর জোর দিয়েছিলেন। এই ক্ষেত্রে স্কুল ও শিক্ষকদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

আমাদের সকলেরই অন্যদের সম্পর্কে পূর্বধারণা এবং মতামত আছে, যা হয়তো আমরা আগে উপলব্ধি করিনি বা যার মোকাবিলা করিনি। একজন শিক্ষক হিসেবে, প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষার অভিজ্ঞতাকে ইতিবাচক বা নেতিবাচক ভাবে প্রভাবিত করার ক্ষমতা আপনার থাকে। আপনার শিক্ষার্থীরা কতটা সমানভাবে শিখছে সেটাকে জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আপনার অন্তর্নিহিত পূর্বধারণা এবং মতামতগুলি প্রভাবিত করবে। আপনি আপনার শিক্ষার্থীদের প্রতি বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করতে পদক্ষেপ নিতে পারেন।

আপনি যাতে শিক্ষায় সবাইকে অন্তর্ভুক্ত করেন সেটা নিশ্চিত করার তিনটি মূল নীতি হল

- **লক্ষ করা:** কার্যকরী শিক্ষকেরা মনোযোগী, বিচক্ষণ এবং সংবেদনশীল হন; তাঁরা তাঁদের শিক্ষার্থীদের পরিবর্তনগুলি *লক্ষ করেন* । আপনি মনোযোগী হলে, কোন শিক্ষার্থী ভাল কিছু করলে তা আপনি লক্ষ করবেন, এছাড়া কখন তাদের সাহায্যের প্রয়োজন এবং কীভাবে তারা অন্যদের সঙ্গে সংযুক্ত হতে পারে হয় তাও আপনি লক্ষ করবেন। আপনি আপনার শিক্ষার্থীদের পরিবর্তনগুলোও উপলব্ধি করতে পারবেন, যা হয়তো তাদের বাড়ির অবস্থার কোনো পরিবর্তন বা অন্য কোনো সমস্যার প্রতিফলন হতে পারে। সবাইকে সংযুক্ত করার জন্য আপনাকে দৈনন্দিন ভিত্তিতে আপনার শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করতে হবে, সেই সব শিক্ষার্থীদের প্রতি বিশেষ মনোযোগ দিতে হবে যারা নিজেদের প্রান্তিক (marginalised) মনে করতে পারে কিংবা অংশগ্রহণ করতে অসমর্থ এইরূপ মনে করতে পারে।
- **আত্মমর্যাদার ওপর গুরুত্ব দিন:** ভাল নাগরিক হলেন তারাই, যারা তাদের সঙ্গে থাকা মানুষদের সঙ্গে স্বচ্ছন্দ থাকেন। তাঁদের আত্মমর্যাদা আছে, তাঁরা নিজের ক্ষমতা ও দুর্বলতা জানেন, এবং সামাজিক অবস্থান নির্বিশেষে অন্য মানুষদের সঙ্গে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার সামর্থ্য রাখেন। তাঁরা নিজেদের সম্মান করেন এবং তাঁরা অন্যদেরও সম্মান করেন। শিক্ষক হিসাবে আপনি অল্প বয়স্ক ব্যক্তির আত্মসম্মানের উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারেন; আপনাকে সেই ক্ষমতার বিষয়ে সচেতন হতে হবে এবং প্রত্যেক শিক্ষার্থীর আত্মসম্মান গড়ে তুলতে সেটা ব্যবহার করতে হবে।
- **নমনীয়তা:** আপনার শ্রেণিকক্ষে যদি নির্দিষ্ট কোনো শিক্ষার্থী, দল বা ব্যক্তির ক্ষেত্রে কোনো কিছু কাজ না করে, তাহলে আপনার পরিকল্পনা পাল্টাতে বা অ্যাক্টিভিটি স্থগিত রাখতে প্রস্তুত থাকুন। নমনীয়তা আপনাকে পরিবর্তন করতে সক্ষম করবে, যাতে আপনি সমস্ত শিক্ষার্থীকে আরো কার্যকরভাবে অংশগ্রহণ করাতে পারেন।

যে পন্থাগুলি আপনি সব সময় ব্যবহার করতে পারেন

- **ভাল আচরণের নমুনা:** জাতি, ধর্ম বা লিঙ্গ নির্বিশেষে প্রত্যেকের সঙ্গে ভাল আচরণ করে আপনার শিক্ষার্থীদের সামনে ভালো নিদর্শন স্থাপন করুন। সব শিক্ষার্থীদের যথাযথ সম্মান দিয়ে আচরণ করুন আর আপনার পড়ানোর মাধ্যমে সুস্পষ্ট করে দিন যে আপনি সমস্ত শিক্ষার্থীকে সমান গুরুত্ব দেন। তাদের সবাই কে সম্মান দিয়ে কথা বলুন, যখন উপযুক্ত তখন তাদের মতামত গ্রহণ করুন, আর সবাইকে উপকৃত করবে এমন কাজ করার মাধ্যমে তাদের শ্রেণিকক্ষের জন্য দায়িত্ব গ্রহণ করতে উৎসাহ দিন।
- **উচ্চ প্রত্যাশা:** সামর্থ অপরিবর্তনীয় নয়; উপযুক্ত সাহায্য পেলে সব শিক্ষার্থী শিখতে এবং উন্নতি করতে পারে। আপনি শ্রেণিতে যে কাজটা করছেন, কোনো শিক্ষার্থীর যদি সেটা বুঝতে সমস্যা হয়, তাহলে ধরে নেবেন না যে তারা কখনই বুঝতে পারবে না। শিক্ষক হিসেবে আপনার ভূমিকা হল, প্রত্যেক শিক্ষার্থীকে কীভাবে সবচেয়ে ভালভাবে শিখতে সাহায্য করা যায় তা নির্ধারণ করা। আপনার যদি শ্রেণির প্রত্যেকের কাছে উচ্চ প্রত্যাশা থাকে, তাহলে আপনার শিক্ষার্থীদেরও এটা ভাবার সম্ভাবনা বেশি যে তারা ধৈর্য্য ধরলে শিখতে পারবে। উচ্চ প্রত্যাশা আচরণের ক্ষেত্রেও প্রযোজ্য হওয়া উচিত। প্রত্যাশাগুলি যাতে স্পষ্ট হয় এবং শিক্ষার্থীরা একে অপরকে যথাযথ সম্মান দিয়ে আচরণ করে তা নিশ্চিত করুন।
- **আপনার পড়ানোয় বৈচিত্র্য আনুন:** শিক্ষার্থীরা বিভিন্ন ভাবে শেখে। কিছু কিছু শিক্ষার্থী লিখতে ভালবাসে; অন্যরা তাদের ধারণাগুলি উপস্থাপন করতে মনের মানচিত্র বা ছবি আঁকা পছন্দ করে। কিছু কিছু শিক্ষার্থীরা ভাল শ্রোতা; কেউ কেউ তাদের ধারণা সম্পর্কে কথা বলার সুযোগ পেলে খুব ভাল শেখে। আপনি সবসময় সমস্ত শিক্ষার্থীর জন্য উপযোগী হবে এমন করে শেখাতে পারেন না, তবে আপনার পড়ানোয় বৈচিত্র্য আনতে পারেন এবং শিক্ষার্থীদের শিখনের জন্য তাদের যে অ্যাক্টিভিটিগুলি করতে হবে সেগুলি পছন্দ করার সুযোগ দিতে পারেন।
- **শিখনকে দৈনন্দিন জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত করুন:** কিছু শিক্ষার্থীর কাছে তাদের যা শিখতে বলছেন সেটা তাদের দৈনন্দিন জীবনে অপ্রাসঙ্গিক বলে মনে হয়। যখনই সম্ভব, এই শেখাকে তাদের জন্য প্রাসঙ্গিক কোনো বিষয়ের সঙ্গে সম্পর্কিত করে এবং তাদের অভিজ্ঞতা থেকে উদাহরণ টেনে আপনি এই সমস্যার মোকাবিলা করতে পারেন।
- **ভাষার ব্যবহার:** আপনার ব্যবহার করা ভাষা সম্পর্কে যত্নসহকারে চিন্তা করুন। ইতিবাচক ভাষা ও প্রশংসা ব্যবহার করুন, এবং শিক্ষার্থীদের উপহাস করবেন না। সর্বদা তাদের আচরণের ওপর মন্তব্য করবেন, ব্যক্তিগতভাবে তাদের সম্বন্ধে নয়। 'আজকে তুমি আমাকে বিরক্ত করছ' মন্তব্যটা খুবই ব্যক্তিগত, বরং এটাকেই 'তোমার আচরণটা আজ খুবই বিরক্তিকর' দিয়ে আরও ভালো ভাবে প্রকাশ করা যেতে পারে। তোমার কি কোনো কারনে মনঃসংযোগ করতে সমস্যা হচ্ছে?' বলে এটা আরো ভালভাবে প্রকাশ করতে পারেন।
- **গতানুগতিক চিন্তাভাবনাকে চ্যালেঞ্জ করা:** এমন সম্পদ খুঁজুন ও ব্যবহার করুন যাতে মেয়েদের বাঁধাধরা চিন্তাভাবনার বাইরের কোনো ভূমিকায় দেখানো হয়, অথবা অনুকরণীয় মহিলা ব্যক্তিত্বদের, যেমন মহিলা বিজ্ঞানীদের স্কুল পরিদর্শনে আসার আমন্ত্রণ জানান। আপনার নিজের লিঙ্গগত বাঁধাধরা চিন্তাভাবনা সম্বন্ধে সচেতন হোন; আপনি হয়ত জানেন যে মেয়েরা যত্নশীল হয় আর ছেলেরা খেলাধুলো করে, কিন্তু আমরা প্রায়ই এটা অন্যভাবে প্রকাশ করে থাকি, যার প্রধান কারণ হল আমরা সমাজে ওইভাবে কথা বলতেই অভ্যস্ত।
- **একটা নিরাপদ, আন্তরিক শিখন পরিবেশ সৃষ্টি করুন:** সমস্ত শিক্ষার্থীর স্কুলে নিরাপদ ও স্বাচ্ছন্দ বোধ করা আবশ্যক। আপনি এমন একটা জায়গায় আছেন যেখান থেকে প্রত্যেককে পারস্পরিক শ্রদ্ধাশীল এবং বন্ধুত্বপূর্ণ আচরণে উৎসাহিত করে আপনি আপনার শিক্ষার্থীদের স্বচ্ছন্দ বোধ করাতে পারেন। বিভিন্ন শিক্ষার্থীর কাছে বিদ্যালয় ও শ্রেণিকক্ষ কি রকম মনে হতে পারে এবং ধারণা হতে পারে সেই সম্পর্কে চিন্তা করুন। কোথায়

তাদের বসতে বলা উচিত বিবেচনা করুন এবং নিশ্চিত করুন যাতে দৃষ্টি বা শ্রবণ অক্ষমতা আছে, বা শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের এমন স্থানে বসান যেখান থেকে তারা পাঠে অংশ গ্রহণ করতে পারে। যাচাই করুন যে লাজুক বা সহজে মনোযোগ বিক্ষিপ্ত হয় এমন শিক্ষার্থীরা যেন এমন জায়গায় বসে, যেখানে আপনি সহজেই তাদেরকে লক্ষ করতে পারবেন।

নির্দিষ্ট শিক্ষণ পন্থা

কয়েকটি নির্দিষ্ট পন্থা আছে যা সকল শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করতে আপনাকে সাহায্য করবে। এইগুলি অন্যান্য মূল সম্পদসমূহে আরো বিস্তারিতভাবে বর্ণিত আছে, তবে একটি সংক্ষিপ্ত পরিচয় এখানে দেওয়া হল:

- **প্রশ্ন করা:** আপনি যদি শিক্ষার্থীদের হাত তুলতে বলেন, তাহলে একই শিক্ষার্থী বারবার উত্তর দেবে। উত্তর সম্পর্কে চিন্তা করা এবং প্রশ্নের উত্তর দেবার ক্ষেত্রে আরো বেশী সংখ্যক শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার অন্যান্য পদ্ধতি আছে। আপনি নির্দিষ্ট ব্যক্তিদের সরাসরি প্রশ্নগুলি করতে পারেন। ক্লাসকে বলুন যে, কে উত্তর দেবে সেটা আপনি ঠিক করবেন, তারপরে সামনের শিক্ষার্থীদের পরিবর্তে কক্ষের পিছনে আর পাশের দিকে বসে থাকা শিক্ষার্থীদের প্রশ্ন করুন। শিক্ষার্থীদের 'চিন্তা করার সময়' দিন এবং নির্দিষ্ট শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে আহ্বান করুন। আত্মবিশ্বাস বাড়ানোর জন্য জুটিতে বা দলগত কাজ করার পন্থা ব্যবহার করুন, যাতে আপনি প্রত্যেককে সমগ্র শ্রেণির আলোচনায় যুক্ত করতে পারেন।
- **মূল্যায়ন:** গঠনমূলক মূল্যায়নের জন্য কিছু কৌশল গড়ে তুলুন যা প্রত্যেক শিক্ষার্থীকে ভালভাবে জানতে আপনাকে সাহায্য করবে। লুপ্ত প্রতিভা উন্মোচন এবং ঘাটতি দূর করার জন্য আপনাকে সৃজনশীল হতে হবে। কিছু শিক্ষার্থী এবং তাদের সামর্থ্য সম্বন্ধে সাধারণ ধারণা থেকে সহজে যা অনুমান করা যায় তার পরিবর্তে গঠনমূলক মূল্যায়ন আপনাকে সঠিক তথ্য প্রদান করবে। আপনি তারপরে তাদের ব্যক্তিগত চাহিদা আরও ভাল ভাবে পূরণ করতে সক্ষম হবেন।
- **দলগত কাজ এবং জুটিতে কাজ:** সবাইকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যকে মাথায় রেখে, আপনার ক্লাসকে কীভাবে দলে বিভাজিত করা যায় বা কীভাবে জুটি তৈরি করা যায় সেই ব্যাপারে সতর্কভাবে ভাবুন, আর শিক্ষার্থীদেরকে একে অন্যকে গুরুত্ব দিতে উৎসাহ দিন। নিশ্চিত করুন যেন সমস্ত শিক্ষার্থী একে অন্যের থেকে শেখার সুযোগ পায় আর তারা যা জানে সেটায় আত্মবিশ্বাস অর্জন করতে পারে। কিছু শিক্ষার্থীর ছোট ছোট দলে তাদের ধারণাগুলো প্রকাশ করার এবং প্রশ্ন জিজ্ঞাসা করার আত্মবিশ্বাস থাকে, কিন্তু পুরো শ্রেণির সামনে সেটা করার আত্মবিশ্বাস থাকে না।

পৃথকীকরণ: আলাদা আলাদা দলের জন্য আলাদা কাজ নির্ধারণ করলে সেটা শিক্ষার্থীদেরকে তাদের বর্তমান অবস্থান থেকে শুরু করতে এবং এগিয়ে যেতে সাহায্য করবে। একাধিক সম্ভাবনাময় কাজ নির্ধারণ সকল শিক্ষার্থীদের সফল হওয়ার সুযোগ দেবে। শিক্ষার্থীদের কাজ বেছে নিতে দেওয়া তাদের কাজের স্বত্বাধিকার বোধ করাতে এবং তাদের নিজেদের শেখার জন্য দায়িত্ব নিতে সাহায্য করে। ব্যক্তিবিশেষের শিক্ষাগত চাহিদা বিবেচনা করা কঠিন হয়, বিশেষত বড় ক্লাসের ক্ষেত্রে, তবে বিভিন্ন প্রকারের কাজ ও অ্যাক্টিভিটি ব্যবহার করে এটা করা যায়।

অতিরিক্ত সম্পদসমূহ

- 'Learning about rights in Year 2': http://globaldimension.org.uk/pages/8668
- National Policy on Education (1986 and 1992): http://www.childlineindia.org.in/pdf/National-Policy-on-Education.pdf
- National Curriculum for Elementary and Secondary Education (1988): http://www.teindia.nic.in/mhrd/50yrsedu/q/91/HL/toc.htm

- UNESCO language studies: http://www.unesco.org/education/tlsf/mods/theme_b/popups/mod06t04s04.html
- *Right Here, Right Now: Teaching Citizenship through Human Rights*, published by the UK Ministry of Justice, the British Institute of Human Rights, the UK Department for Children, Schools and Families, and Amnesty International UK: http://www.amnesty.org.uk/sites/default/files/book_-_right_here_right_now_0.pdf
- 'Language across curriculum' by Nisha Butoliya: http://www.teachersofindia.org/en/lesson-plan/language-across-curriculum
- UNICEF India: http://www.unicef.org/india/wes.html
- 'What is academic language?' by James Paul Gee, which includes further discussion of the issues raised in the introduction: http://www.jamespaulgee.com/sites/default/files/pub/TeachingSciencetoELL-Ch07.pdf
- *Democratic Citizenship, Languages, Diversity and Human Rights* by Hugh Starkey: https://www.coe.int/t/dg4/linguistic/Source/StarkeyEN.pdf

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Home Department, Govt of Bihar (undated) 'Fundamental Duties of the Citizens of India as per the Constitution of India' (online). Available from: http://home.bih.nic.in/Citizen_Guidelines/fundamental_duties_of_citizen.htm (accessed 29 October 2014).

Malone, S. (2010) *Activities for Early Grades of Mother Tongue (L1)-Based Multilingual Education Programs*. Dallas, TX: SIL International.

আমার বই : Textbooks of Class I and II (West Bengal Board of Primary education)

আমাদের পরিবেশ Class III, IV, V (West Bengal Board of Primary education)

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 1 [Figure 1]: http://ww.ifrc.org.

চিত্র 3: ওপরের বাঁ দিকে, 'Child growth stats show half of india's children are chronically malnourished', Pratul Sharma, 7 October 2012, Mail Online India থেকে নেওয়া, http://www.dailymail.co.uk; top right, http://www.saferinindia.org; bottom left, http://happy-2013.blogspot.com/2014/05/; bottom right, http://www.pakool.com. [Figure 3: top left, adapted from 'Child growth stats show half of india's children are chronically malnourished', Pratul Sharma, 7 October 2012, Mail Online India, http://www.dailymail.co.uk; top right, http://www.saferinindia.org; bottom left, http://happy-2013.blogspot.com/2014/05/; bottom right, http://www.pakool.com]

চিত্র 4: ওপরের বাঁ দিকে, http://www.childlineindia.org.in; ওপরের মাঝখানে, http://newswatch.nationalgeographic.com; ওপরের ডানদিকে, http://ncert.nic.in; নিচের বা দিকে, http://www.kidsfortigers.org; bottom right, AFP=JIJI http://www.jijiphoto.jp. [Figure 4: top left, http://www.childlineindia.org.in; top middle, http://newswatch.nationalgeographic.com; top right, http://ncert.nic.in; bottom left, http://www.kidsfortigers.org; bottom right, AFP=JIJI http://www.jijiphoto.jp]

সম্পদ 1 [Ressource 1]: http://home.bih.nic.in.

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।